

২০২০

বাংলা — সাধারণ

চতুর্থ পত্র

পূর্ণমান - ১০০

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

SET - 2

বিভাগ - ক

- ১। (ক) যে-কোনো দশটি শব্দের বাংলা পরিভাষা লেখো। ২×১০
Allegory, Bibliography, Chorus, Climax, Dramatic monologue, Elegy, Fable, Folk culture, Myth, Purgation, Refrain, Symbolic, Supernatural, Trilogy, Variant.

অথবা,

- (খ) নিম্নলিখিত অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ করো। ২০
The next day Fatik became conscious for a short time and looked blankly all about the room as if expecting someone to come. Biswambhar read his thoughts and whispered to his ear, Fatik, I have sent for your mother. The next day the doctor said gravely that the boy was passing through a very critical stage. Just then Fatik's mother entered the room. She threw herself on the boy's bed and burst out crying, 'Fatik! my darling! my darling!' Fatik with a vacant look, slowly turned towards her and said, 'Mother, the holidays have come and I am going back home'.

বিভাগ - খ

- ২। (ক) উদাহরণসহ সংজ্ঞা লেখো (যে-কোনো দুটি)। ১০×২
(অ) সমীভবন
(আ) স্বরলোপ
(ই) বিপর্যাস
(ঈ) লোকনিরুক্তি

অথবা,

- (খ) নিম্নলিখিত অংশটি আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালার (IPA) চিহ্ন ব্যবহার করে লিপ্যন্তর করো। ২০
'বিদ্যাসাগর' উপাধি অনেকেই পেয়েছেন। কিন্তু 'বিদ্যাসাগর' বলতে কেবল একজনকেই বোঝায়।... তিনি হলেন ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। হয়ত অনেকে তাঁর পুরো নামটাও ভুলে গেছেন। আর তিনি কেবল বিদ্যাসাগর ছিলেন না, ছিলেন করুণাসাগরও।

Please Turn Over

অথবা,

(কেবলমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য)

অত্যাৱশ্যক পণ্যদ্রব্যের মূল্যবৃদ্ধির বিরুদ্ধে অভিযোগ জানিয়ে সংবাদপত্রের সম্পাদকের কাছে পত্র লেখো। ২০

বিভাগ - গ

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও। ২০×২

(ক) পরিবার ও সমাজজীবনে টি.ভি সিরিয়ালের প্রভাব নিয়ে জনৈক সিরিয়াল নির্মাতার সঙ্গে কাল্পনিক সাক্ষাৎকার রচনা করো। ২০

অথবা,

(খ) খাদ্যদ্রব্যে নিরস্তুর ভেজাল ও তার প্রতিক্রিয়া এবং প্রতিরোধ বিষয়ে সংবাদপত্রের উপযোগী প্রতিবেদন রচনা করো। ২০

(গ) অবাঞ্ছিত আক্রমণ থেকে মহিলাদের আত্মরক্ষার প্রশিক্ষণকেন্দ্রের প্রচার উপযোগী বিজ্ঞাপনের খসড়া প্রস্তুত করো। ২০

অথবা,

(ঘ) গ্রাহকের ঠিকানা পরিবর্তনের আবেদন জানিয়ে সংশ্লিষ্ট ব্যাংকের কর্মাধ্যক্ষ/প্রধান পরিচালকের উদ্দেশে পত্র লেখো। ২০

(ঙ) নিম্নলিখিত বিষয়গুলি থেকে যে-কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো (অনধিক ৩০০ শব্দে)। ২০

(অ) ছাত্রসমাজ ও খেলাধুলা

(আ) জল বাঁচাও প্রাণ বাঁচাও

(ই) বাংলা গদ্যসাহিত্য নির্মাণে বিদ্যাসাগর

(ঈ) শিক্ষাদান পদ্ধতিতে প্রযুক্তির ব্যবহার

বিভাগ - ঘ
প্রবন্ধ সংশোধন করো

রোল নম্বর

৪। নিম্নলিখিত কপিটি দেখে প্রবন্ধ কপিটি সংশোধন করো (অন্তত ২০টি)

মূল কপি ও সংশোধিত প্রবন্ধ কপি উত্তরপত্রের সঙ্গে অবশ্যই যুক্ত করে দিতে হবে। রোল এবং নম্বর লেখা অত্যাৱশ্যক।

১×২০

পাণ্ডুলিপি বা মূলকপি—

বিপদে মোরে রক্ষা করো, এ নহে মোর প্রার্থনা—

বিপদে আমি না যেন করি ভয়,

দুঃখ তাপে ব্যথিত চিতে নাই বা দিলে সান্ত্বনা,

দুঃখে যেন করিতে পারি জয়।

সহায় মোর না যদি জুটে, নিজের বল না যেন টুটে—

সংসারেতে ঘটিলে ক্ষতি, লভিলে শুধু বঞ্চনা,

নিজের মনে না যেন মানি ক্ষয়।

প্রবন্ধকপি—

বপদে মোর রক্ষা ক রো এ নহেমোর প্রার্থনা

বিপদে আমি যেন না করি বয়,

দুখ তা পে ব্যাতিথ চিন্তে না বা দিলে সান্ত্বনা,

দুঃখে যেন করিতে পাড়িজয়।

সহায় মোড় না যদি জুটে নিসের বল ন যেন টুটে—

সমসারেতে ঘটিলে ক্ষতি ভলিতে শুধ বঞ্চনা

নিজের মনে নাযেন মানি খয়।

অথবা,

(কেবলমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য)

নিম্নলিখিত বানানগুলি সংশোধন করো।

উচ্ছসিত, মরিচীকা, আসুরীক, অগ্রহায়ন, অন্নজীবি, আমাবস্যা, অদ্ভুত, অদ্যাবধি, দুর্গা, স্বরসতি।

২০